

## বিএমএসসিএলের ৩ দিনের শিক্ষা মেলা শেষ

### ■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ মালয়েশিয়া স্টাডি সেন্টারের (বিএমএসসিএল) উচ্চ শিক্ষা বিষয়ক তিনদিনের শিক্ষা মেলা গতকাল রবিবার শেষ হয়েছে। গত শুক্রবার রাজধানীর দ্য ডেইলি স্টার সেন্টারে শুরু হওয়া এই মেলার উদ্বোধন করেন বিএমএসসিএল'র চেয়ারম্যান আবদুর রহীম মুকুল। মেলার মিডিয়া পার্টনার ছিল দৈনিক ইত্তেফাক।

বিএমএসসিএলের মিডিয়া উপদেষ্টা খলিলুর রহমান বলেন, মেলায় আসী বেশিরভাগ দর্শনার্থী উচ্চশিক্ষা প্রত্যাশী। এছাড়া অভিভাবক এবং শিক্ষকরাও উচ্চ শিক্ষা ও পিএইচডি'র বিভিন্ন বিষয়ে জানার আগ্রহ প্রকাশ করেছেন। তিনি বলেন, মেলায় মালয়েশিয়ার প্রথম সারির প্রায় ১৫টি বিশ্ববিদ্যালয় ও কলেজ অংশ নিয়েছে। এছাড়া ঢাকায় মালয়েশিয়া হাইকমিশন ও বাংলাদেশ মালয়েশিয়া চেম্বার অব কুমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের মাধ্যমে দেশটির ৩০টিরও বেশি বিশ্ববিদ্যালয় ও কলেজের তথ্য জানানো হয়েছে। স্বেচ্ছাপূর্তা করতে মালয়েশিয়ায় যেতে ন্যূনতম এসএসসি, 'ও' লেভেল, দাখিল অথবা সমমানের ডিপ্লোমা পাস হতে হবে। এছাড়া মালয়েশিয়াতে স্টাডি গ্যাপ গ্রহণযোগ্য হওয়ায় ব্যাচেলর পাস করেও ডিপ্লোমা অথবা পুনরায় ব্যাচেলরে ভর্তি হওয়া যায়। বেশিরভাগ বিষয়ের জন্য প্রয়োজন নেই আইইএলটিএস। আগামী ২৫ এবং ২৬ অক্টোবর চতুর্থ ও দুই দিনব্যাপী শিক্ষা মেলার আয়োজন করা হবে।